গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
বিনিয়োগ ভবন(লেভেল-৭, ৮ ও ৯), ই-৬/বি,
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.beza.gov.bd

বিনিয়োগ অগ্রাধিকার

স্মারক নম্বর: ০৩.০৭.০০০০.০০০.০২৩.৯৯.০০২৯.১৬.৩১৮

তারিখ: ৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বিদেশি নাগরিকগণের ওয়ার্ক পারমিট জারির জন্য গঠিত 'ওয়ার্ক পারমিট স্ট্যান্ডিং কমিটি'র ৭৯ তম সভার কার্যবিবরণী গৃহীত সিদ্ধান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর আওতাধীন অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে বিদেশি নাগরিকগণের ওয়ার্ক পারমিট জারির জন্য গঠিত 'ওয়ার্ক পারমিট স্ট্যান্ডিং কমিটি'র ৭৯ তম সভার কার্যবিবরণী অনুযায়ী নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(ক) E1 ভিসায় আগত বিদেশি নাগরিকের অতিরিক্ত সময় অবস্থান করতে হলে যথাযথ শ্রেণীর ভিসা (E / A3 / PI ) গ্রহণপূর্বক বেজা হতে ওয়ার্ক পারমিট গ্রহণ করতে হবে।

(খ) সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক নিরাপত্তা ছাড়পত্রে শর্তসাপেক্ষে অনাপত্তি প্রদান করলে প্রতিষ্ঠানসমূহের বিদেশ নাগরিকদের ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে উক্ত শর্ত প্রতিপালনপূর্বক বেজা'র মাধ্যমে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর বরাবর ভিসার মেয়াদ বৃদ্ধির আবেদন করা হলে উক্ত আবেদন বিধি মোতাবেক নিষ্পত্তির উদ্দেশ্যে অগ্রায়ণ করা হবে।

২। এমতাবস্থায়, বিদেশি নাগরিকগণের ওয়ার্ক পারমিট জারির জন্য গঠিত 'ওয়ার্ক পারমিট স্ট্যান্ডিং কমিটি'র ৭৯ তম সভার কার্যবিবরণী গৃহীত সিদ্ধান্ত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

২০-০৩-২০২৫
দুর্জয় ঘোষ
সহকারী পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক।
২। ডেভেলপার, সকল বেসরকারি অর্থনৈতিক অঞ্চল।
৩। ইউনিট ইনভেস্টর, সকল অর্থনৈতিক অঞ্চল।

স্মারক নম্বর: ০৩.০৭.০০০০.০০০.০২৩.৯৯.০০২৯.১৬.৩১৮/১ (১)

তারিখ: ৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ ( নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০-০৩-২০২৫
দুর্জয় ঘোষ
সহকারী পরিচালক